# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৯৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. প্রথম অনুচ্ছেদ - রাতের সালাত

بَابُ صَلَاةِ اللَّيْلِ

## আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: لَمَّا بَدَّنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَثَقُلَ كَانَ أَكْثَرُ صَلَاتِهِ جَالِسًا

## বাংলা

১১৯৮-[১১] ’আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত হয়েছে। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জীবনের শেষ প্রান্তে পৌঁছলে বার্ধক্যের কারণে তিনি ভারী হয়ে গেলেন। তখন তিনি অনেক সময়ে নফল সালাতগুলো বসে বসে আদায় করতেন। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৯০, মুসলিম ৭৩২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (كَانَ أَكْثَرُ صَلَاتِه جَالِسًا) তাঁর অধিকাংশ সালাতই ছিল বসাবস্থায় অর্থাৎ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন বৃদ্ধ হওয়ার ফলে দুর্বল হয়ে পড়েন তখন নফল সালাত (সালাত/নামায/নামাজ) অধিকাংশ সময় বসে বসেই আদায় করতেন। হাফসাহ্ (রাঃ) থেকে বর্ণিত আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে নফল সালাত বসে আদায় করতে দেখিনি। তবে মৃত্যুর এক বৎসর পূর্ব থেকে তিনি বসে বসে নফল সালাত আদায় করতেন।

অত্র হাদীস প্রমাণ করে যে, দাঁড়ানোর ক্ষমতা থাকা সত্ত্বেও নফল সালাত বসে আদায় করা বৈধ। ইমাম নাবাবী বলেন, এ বিষয়ে ‘আলিমদের মাঝে ইজমা তথা ঐকমত্য রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55758

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন